দৈনিক সংবাদ

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৩

NOV. 1 1 2002

## নড়াইল ভিক্টোরিয়া কলেজ

# দুই শিক্ষকের হুমকি ঃ তাদের কাছে প্রাইভেট না পড়লে ফেল করানো হবে

নড়াইল থেকে শামীমুল ইসলাম টুটু ঃ নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজের বিজ্ঞান বিভাগের দু'জন শিক্ষকের বিরুদ্ধে একই বিভাগের একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের জোরপূর্বক প্রাইভেট পড়ানোর অভিযোগ পাওয়া গেছে। তাদের কাছে প্রাইভেট না পড়লে ছাত্রছাত্রীদের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় নম্বর কম দেয়া হচ্ছে। অনেকক্ষেত্রে ফেল করানোর হুমকি দেয়া হচ্ছে। এমনকি তারা ক্লাসে প্রকাশ্যে ঘোষণা দিয়ে বলেছেন, যারা প্রাইভেট পড়বে না তাদের রেড লিস্ট করা হচ্ছে। এ অভিযোগ করেছে কলেজের সাবেক ও বর্তমান ভুক্তভোগী ছাত্রছাত্রীরা। কলেজের উর্ধ্বতন কর্তৃপক্ষ এ ঘটনাটির সত্যতা স্বীকার করেছেন।

নাম প্রকাশে অনিচ্ছুক কলেজের সাবেক ও বর্তমান ভুক্তভোগী কয়েকজন মেধাবী ছাত্রছাত্রী এ প্রতিনিধির কাছে অভিযোগ করে বলেন, ওই দু'শিক্ষকের কাছে প্রাইভেট না পড়ার কারণে তাদের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় নম্বর কম দেয়া হয়েছে। এমনকি, বর্তমান একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের নম্বর কম দেয়ার ও ফেল করানোর হুমকি দেয়া হচ্ছে।

এ প্রতিবেদক কলেজের ভাইস-প্রিন্সিপাল আবু মুসার সঙ্গে কথা বললে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, যে দু'জন শিক্ষক এ ঘটনার সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে এবং ওপর মহলে বিষয়টি জানানো হচ্ছে।